৬৩

দৈনিক বাংলা

তারিখ 09 MAR 1993
পৃষ্ঠা ১ কলাম ১

৩৭

### ভার্সিটি শিক্ষকদের সঙ্গে ইফতার

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস নির্মূলে প্রতিরোধ গড়ে তুলুন ঃ শেখ হাসিনা

আওয়ামী লীগ সভানেত্রী ও জাতীয় সংসদে বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সম্মানে তাঁর সরকারী বাসভবনে এক ইফতার পার্টির আয়োজন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, প্রো ভাইস চ্যান্সেলর, কোষাধ্যক্ষ, অনুষদসমূহের ডীন, হলসমূহের প্রোভোস্টসহ প্রকৌশল ও জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের পাঁচ শতাধিক শিক্ষক-শিক্ষিকা ইফতার পার্টিতে উপস্থিত ছিলেন।

শিক্ষক-শিক্ষিকাদের সংগে আলোচনাকালে শেখ হাসিনা বলেন, মিন্টো রোড,

(আটের পাতায় ৫-এর কঃ দ্রঃ)

## শেখ হাসিনা

(প্রথম পাতার পর)

হেয়ার রোডসহ এক বিরাট এলাকা একসময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ছিল। পরবর্তী সময়ে তা সরকারীভাবে দখল করা হয়েছে। তিনি এই এলাকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের কাছে ফেরত দেয়ার পক্ষে অভিমত ব্যক্ত করেন। শেখ হাসিনা বলেন, আওয়ামী লীগ অস্ত্র ও সন্ত্রাসের রাজনীতিতে বিশ্বাস করে না। তিনি শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস নির্মূলের লক্ষ্যে ছাত্র শিক্ষক ও অভিভাবকসহ সর্বস্তরের সচেতন নাগরিকদের প্রতিরোধ গড়ে তোলার আহবান জানান। ইফতার পার্টিতে যোগদানের জন্য তিনি শিক্ষক শিক্ষিকাদের ধন্যবাদ জানান।

ইফতারের পর শেখ হাসিনার সঙ্গে যারা আলোচনায় মিলিত হন তাদের মধ্যে ছিলেন, প্রফেসর এমাজউদ্দিন আহমদ, ডঃ ওয়াকিল আহমদ, অধ্যাপক একে আসাদ চৌধুরী, অধ্যাপক নাসিরুজ্জামান, অধ্যাপক আমিনুল ইসলাম, অধ্যাপক নুরুদ্দিন প্রমুখ। খবর বিজ্ঞপ্তির।